কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রং মিস্ত্রির মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে নাইম হোসেন (১৮) নামে এক রংমিস্ত্রির মৃত্যু হয়েছে। এ সময় তুষার হোসেন নামে আরও এক রংমিস্ত্রি আহত হয়েছেন।

বৃহস্পতিবার দুপুর দেড়টায় দিকে উপজেলার আড়পাড়া এলাকায় এ ঘটনা ঘটে। নিহত নাইম হোসেন উপজেলার কাদিরকোল গ্রামের নজরুল ইসলামের ছেলে ও আহত তুষার হোসেন একই গ্রামের আলহাজ বিশ্বাসের ছেলে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, বৃহস্পতিবার দুপুরে শহরের আড়পাড়া এলাকার নদীপাড়ায় একটি বাড়িতে রংয়ের কাজ করছিল। এ সময় বাড়িটির পাশ দিয়ে যাওয়া ৩৩ কেভি ভোল্টের তারে স্পর্শ লাগে তাদের। এ সময় বিদ্যুৎস্পৃষ্টে দুই রংমিস্ত্রি গুরুতর আহত হন। তাদের উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়ার পথে নাইম হোসেন মারা যান।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. সুমাইয়া আফরিন জানান, হাসপাতালে নিয়ে আসার আগেই নাইম হোসেন মারা যান। এছাড়া আহত তুষারের অবস্থাও আশঙ্কাজনক হওয়ায় তাকে যশোরে রেফার্ড করা হয়েছে।

মেহেরপুরে নতুন করে ২০ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ২০ জন করোনায় আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১২ জন, গাংনী ৬ জন, মুজিবনগর ২ জন।

বৃহস্পতিবার সন্ধ্যায় জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৬০ টি।

তারমধ্যে ২০ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৯৬ জন।

তার মধ্যে সদরে ৫৯ জন, গাংনীতে ২২ জন এবং মুজিবনগরে ১৫ জন।

আমঝুপিতে আবুল বাশার হত্যার ঘটনায় মামলা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের পূর্বপাড়ায় নিহত আবুল বাশারের হত্যার ঘটনায় ৯ জনের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরের দিকে নিহত আবুল বাশার মোল্লার ছেলে সালাউদ্দিন বাদী হয়ে ৯ জনকে আসামি করে মেহেরপুর সদর থানায় ১৪৩/৩২৩/৩০৭/৩০২/৩৪/৫০৬/১১৪ ধারায় একটি মামলা দায়ের করা হয়। যার মামলা নং ৩০। তাং ২৭/১/২০২২।

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের খায়রুল ইসলামের ছেলে স্পিড এনার্জি ড্রিংকস কোম্পানির এসআর রনি, দিঘির পাড়া এলাকার খোকনের ছেলে শামীম, রাহাত আলী মন্ডল এর ছেলে আমিরুল ইসলাম, আক্তার আলীর ছেলে সাগর, ঘাটপাড়ার জামিরুল ছেলে আমিন, গোপালপুরের হাতেম আলীর ছেলে মোহন, শফিকুলের ছেলে বিজন, জহির আলীর ছেলে পাভেল, আলম শেখের ছেলে আদম আলী সহ অজ্ঞাত আরও ৪-৫ জনকে আসামী করে মামলা দায়ের করেছেন।

উল্লেখ্য নিহত আবুল বাশারের ছেলে ছেলে সালাউদ্দীন গতকাল বুধবার তার মোদিখানার দোকানের সামনে সড়ক দুর্ঘটনা রোধে একটি সকালে একটি স্পিডব্রেকার তৈরি করে। এতে যানবাহন চালকদের সমস্যার সৃষ্টি হয়। এসয়ম স্পিড এনার্জি ড্রিংকের একটি গাড়ি সেখানে দ্রুত পার হওয়ার চেষ্টা করলে ওই স্পিডব্রেকারে থেকেম যায়। এসময় স্পিডের গাড়ির সেলস ম্যান ও গাড়িচালক সালাহ উদ্দিনের সাথে তর্কে জড়িয়ে পড়ে। অপরদিক থেকে পল্লী বিদ্যুৎ সমিতির শ্রমিকরা ইসলাম নগরে বিদ্যুতের পোল বসিয়ে আসার সময় স্পিড কোম্পানীর লোকজনের সাথে

মিলে সালাহউদ্দিনকে লোহার রড ও হাতুড়ি দিয়ে মারধর শুরু করে। এসময় সালাউদ্দিনের পিতা আবুল বাশার ঠেকাতে গেলে তাকেও বেধড়ক মারপিট করে। এসময় আবুল বাশার গুরতর অসুস্থ হয়ে পড়লে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়ার পথে তিনি মৃত্যুবরণ করেন।

বৃহস্পতিবার দুপুরের দিকে ময়নাতদন্ত শেষে নিজ গ্রাম আমঝুপিতে আবুল বাশারের দাফন সম্পন্ন হয়।

মানুষকে সচেতন করতে পথে,পথে ঘুরছেন হরিণাকুণ্ডুর এসিল্যান্ড

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা বাসীদের করোনা ভাইরাসের ছোবল থেকে রক্ষায় সচেতন করতে বিভিন্ন গ্রামের বাজারে বাজারে, পথে পথে , ঘুরে ফিরছেন উপজেলা সহকারী (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সেলিম আহমেদ।

গত বুধবার দিনভর তিনি কালীশংকরপূর বাজার,ভবিতপূর বাজার,জটারখাল বাজার,জোড়াদাহ বাজার,সাতব্রীজ বাজার সহ বিভিন্ন গ্রামের আরও বেশকয়টি বাজারে ঘুরে ঘুরে ওমিক্রনের হাত থেকে রক্ষা পেতে হলে মাস্ক পরিধান করাসহ, সাবান দিয়ে হাত ধোয়া,সামাজিক দুরত্ব বজায় রাখাতে উপস্থিত জনসাধারণকে সচেতন করছেন তিনি।

এসময় মাস্ক বিতরণ করার পাশাপাশি মাস্ক পরিধান না করার অপরাধে দুইটি মামলায় অর্থদন্ড প্রদান করেন।

একই দিনে তিনি উপজেলার কালীশঙ্করপূর ও ভবিতপূর গ্রামে কৃষি জমির উর্ব্বরতা,শ্রেণী রক্ষায়,জমি খননকরে মাটি স্থানান্তরিত করা ঠেকাতে অভিযান পরিচালনা করেন এ সময় কাউকে সরেজমিনে পাওয়া না যাওয়ায় মাটি কেটে তালা ড্রেজার মেশিনের ব্যাটারী ঘটনাস্থলেই ধ্বংস করেন।

একই সময়ে তিনি এলাকাবাসীকে কৃষিজমি নষ্ট করে, খনন করলে জমির

উর্ব্বরতা হারানোর পাশাপাশি কৃষি জমির পরিমান কমতে থাকে জানিয়ে জমি খনন করে মাটি স্থানান্তরিত করা থেকে বিরত থাকতে আহব্বান জানান।

ঔষধ প্রশাসনের দেশসেরা সহকারি পরিচালক নাজমুল হাসান

ওষুধের গুণগত মান নিশ্চিত করাসহ সামগ্রিক কর্মকান্ডের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের যশোর কার্যালয়ের সহকারি পরিচালক নাজমুল হাসান দেশ সেরা কর্মকর্তা নির্বাচিত হয়েছেন।

গত বুধবার জুম অ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহা পরিচালক মেজর জেনারেল মাহবুবুর রহমান ডিসেম্বর মাসের সেরা কর্মকর্তা হিসেবে তার নাম ঘোষণা করেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আলোকে সহকারি পরিচালক নাজমুল হাসান যশোর জেলায় অনবদ্য নৈপুণ্যের জন্য দেশ সেরা বিবেচিত হন। এ মাসে তিনি ১২৪টি ফার্মেসির লাইসেন্স নবায়ন, ওষুধের মান যাচাইয়ের জন্য ৬টি নমুনা উত্তোলন করে ঢাকায় প্রেরণ করেন। একইসময় তিনি বিভিন্ন অভিযোগে বিভিন্ন প্রতিষ্ঠানকে ৩৮টি নোটিশ প্রদান, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ৪টি এবং ড্রাগ আদালতে একটি মামলা দায়ের করেন। এ সময় তিনি এক লক্ষ ৬৫ হাজার ৫০ টাকা রাজস্ব আদায় করেন।

এর আগে ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মাহবুবুর রহমানের সভাপতিত্বে অধিদপ্তরের পরিচালক, উপ-পরিচালকসহ জেলা কার্যালয়ের প্রধানদের সভা অনুষ্ঠিত হয়।

উল্লেখ্যঃ সহকারি পরিচালক নাজমুল হাসান ইতি পুর্বে ঝিনাইদহ ও মাগুরা জেলায় সুনামের সাথে নিরলস ভাবে দায়িত্ব পালন করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অফিসার ফরহাদ হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন লোকমোর্চার নবাগত কমিটির সাধারণ সম্পাদক মজিবার রহমান।

দর্শনায় পৃথক অভিযানে দু’নারী মাদক ব্যবসায়ী আটক

দর্শনায় পুলিশ-বিজিবি পৃথক দুটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করেছে। এ অভিযানে ১৭৭ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার সহ শিরিনা খাতুন
(৪০) ও নার্গিস আক্তার (৪০) নামের

দুই নারী মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। আটককৃত আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে।

জানাগেছে, বুধবার বেলা সাড়ে ১১টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার অফিসার সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন শান্তিপাড়া গ্রামের বাচ্চু বসত বাড়িতে।

এসময় বসত বাড়ির উঠান হতে ৫৭ পিচ ইয়াবা ট্যাবলেট সহ বাড়ির গৃহকর্তা বাচ্চুর স্ত্রী শিরিনা খাতুনকে (৪০)।

অপরদিকে দুপুর সাড়ে ১২ টার দিকে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের সীমান্তবর্তী ঠাকুরপুর বিওপি ক্যাম্পের হাবিলদার সঙ্গীয় সদস্য নিয়ে চোরাচালান ও মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন সীমান্তবর্তী চাকুলিয়া গ্রামের রশিদের বাঁশ বাগানে।

এসময় উক্তস্থান হতে ১২০ পিচ ইয়াবা ট্যাবলেট সহ আটক করা হয় নার্গিস আক্তার (৪০) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে। ওই নারী চাকুলিয়া গ্রামের বাসিন্দা ও এরশাদ এর স্ত্রী। এ মদক উদ্ধারের ঘটনায় পুলিশ ও বিজিবি দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে পৃথক দুটি মামলা রুজু করেছে।

চুয়াডাঙ্গার তিতুদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনি পথসভায় টোটন জোয়ার্দ্দার

আগামী ৭ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হতে যাচ্ছে চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন।

এ নির্বাচন উপলক্ষে বুধবার বিকাল ৩টা থেকে সন্ধ্যাঅবদি ইউনিয়নের বিভিন্ন গ্রামে নির্বাচনী পথসভা করেছেন চুয়াডাঙ্গা জেলা আ.লীগের যুগ্নসাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন।

বিভিন্ন পথসভায় তিনি বলেন, নৌকা কোন ব্যাক্তির প্রতীক না। এটা উন্নয়নের প্রতীক। এটা বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতীক। তিতুদহ ইউপি নির্বাচনে সেই মার্কা পেয়েছেন ইউনিয়ন আ.লীগের সভাপতি শুকুর আলী।

তাই স্বাধীনতার প্রতীককে বিজয়ী করে বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখুন। আপনাদের একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই আ.লীগের চেয়ারম্যান প্রার্থী শুকুর আলীর মাথার উপর দু’টি বটবৃক্ষ আছে। একজন হচ্ছেন জেলা আ.লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন, অপরজন জেলা আ.লীগের সহ-সভাপতি চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজি আলী আজগার টগর মহদয়।

যদি আওয়ামীলীগ করে থাকেন তাহলে কান কথা কানে তুলেন না। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে দেশের ব্যাপক উন্নয়ন হয়েছে। তিতুদহ ইউনিয়নেও সে ছোয়া লেগেছে। ইউনিয়নের অসমাপ্ত উন্নয়নগুলো সমাপ্ত করতে নির্বাচনে শুকুর আলীকে নৌকা মার্কায় ভোট দিয়ে বিজয়ি করুন এবং উন্নয়নে অংশ নিন। তিনি ছোটসলুয়া, আড়িয়া, গীরিশনগর, নুরুল্লাপুর, চাঁদপুর. তিতুদহ, হুরিয়ামারি, গোলাপনগর, বড়সলুয়া, বলদিয়া গ্রামে নৌকায় ভোট চেয়ে পথসভা করেন।

তার সফরসঙ্গী হিসাবে সাথে ছিলেন জেলা আ.লীগের সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, শ্রমিক লীগের সভাপতি আফজালুর হক, মহিলা আ.লীগের সম্পাদিকা নুরুন্নাহার কাকলী, ভাইস চেয়ারম্যান গরীব রুহানী মাসুম, মহিলা ভাইস চেয়ারম্যান শাহাজাদি মিলি, সদর উপজেলা আ.লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা আব্দুল মান্নান নান্নু, সাধারণ সম্পাদক বীরমুক্তিযোদ্ধা শাহাদৎ হোসেন, সদ্য নির্বাচিত আলুকদিয়া ইউপি চেয়ারম্যান আবুল কালাম, মমিনপুর ইউপি চেয়ারম্যান রতন, পদ্মবিলা ইউপি চেয়ারম্যান আলম হোসেন, কুতুবপুর ইউপি চেয়ারম্যান আলী হাসানুজ্জামান মানিক, আ.লীগ নেতা চন্দন, যুবলীগের সাবেক আহব্বায়ক আরেফিন আলম রঞ্জু, ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুল কাদের, আব্দুর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক জিএস রাশেদুজ্জামান বাকু, যুবলীগ নেতা নুরুজ্জামান টুটুল, তিতুদহ ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম, হায়দার মল্লিক, আবুল কাশেম, আক্তার হোসেন, আরিফুল ইসলামসহ ইউনিয়ন ও ওয়ার্ড আ.লীগের নেতৃবৃন্দ।

দর্শনায় নগদ সোয়া ৪ লক্ষ টাকা ও মটরসাইকেলসহ আটক-১

দর্শনা সুলতানপুর সীমান্তে চোরাচালান বিরোধী অভিযান চালিয়েছে চুয়াডাঙ্গা-৬ বিজিবির সুলতানপুর বিওপি। এ অভিযানে দর্শনা জয়নগরের মতিয়ার রহমান ওরফে সাহেব আলী নামের এক চোরাকারবারীকে আটক করেছে।

এসময় তার দখল হতে চোরাচালান কাজে ব্যবহৃত একটি মটরসাইকেল ও নগদ প্রায় সাড়ে ৪ লক্ষ টাকা উদ্ধার করা হয়েছে। আটককৃত আসামীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে থানা পুলিশে সোপর্দ করেছে।

বিজিবি জানায়, চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান, পিবিজিএম, পিএসসি এর সার্বিক দিক-নির্দেশনায় গত মঙ্গলবার ১২ টার গোপন সংবাদের ভিত্তিতে অত্র ব্যাটালিয়নের অধিনস্থ দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সুলতানপুর বিওপির টহল দল দায়িত্বপূর্ণ

এলাকার মেইন পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ১.৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে সুলতানপুর খেয়াঘাট নামক স্থানে অভিযান পরিচালনা করে।

এসময় নগদ বাংলাদেশী ৪ লক্ষ ১৮ হাজার ২৩০ টাকা সহ একটি মটরসাইকেল সহ মতিয়ার রহমান ওরফে সাহেব আলী (২৮) নামের এক জনকে আটক করে।

সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন সীমান্তবর্তী জয়নগর গ্রামের বাসিন্দা ও মৃত আব্দুল করিমের ছেলে। নগদ টাকা ও আটককৃত মটরসাইকেলের যার আনুমানিক সর্বমোট সিজার মূল্য ৪ লক্ষ ৬৮ হাজার ২৩০ টাকা।

আটককৃত আসামীকে দর্শনা থানায় হস্তান্তর করে নায়েক রবিউল ইসলাম বাদী হয়ে বর্ণিত আসামীর বিরুদ্ধে মামলা দায়ের করেছেন।